

যুগান্তর

তারিখ 9 MAY 2003
S/D

ছাত্রলীগের ডাকে সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সংগঠনের দীর্ঘ নেতাদের ওপর পুলিশি হামলার প্রতিবাদে গতকাল ছাত্রলীগের ডাকে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে শান্তিপূর্ণভাবে ছাত্র ধর্মঘট পালিত হয়। কর্মসূচির অংশ হিসেবে কেন্দ্রীয় কমিটি ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা বৌদ্ধভাবে ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে।

সংগঠনের ঢাকা শাখা সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সমাবেশে বনরাম পোদ্দার, রফিক কোডিয়াল, আশরাফুল আজিম রুবন, খলিলুর রহমান, মিরাজ হোসেন, হেমায়েত উদ্দিন হিমু, শেখ ওবায়দুল হক প্রমুখ বক্তৃতা করেন। সমাবেশের আগে সকাল ৮টায় নেতাকর্মীরা ক্যাম্পাসে

অবস্থান নেন এবং সব গেটে ডাল: ফুলিয়ে দেন। কেন্দ্রীয় মসজিদ গেটসহ কয়েকটি গেটের ডালায় দিসা ঢালাই করে দেয়া হয়। ছাত্রলীগ অভিযোগ করেছে, প্রচুর ফিরোজ আহমেদ পুলিশ নিয়ে এসে ডালা ভেঙে ফেলেন।

রাজশাহী ব্যুরো জানায়, ছাত্রলীগের ডাকা ধর্মঘটের কারণে রাজশাহী মহানগরীর সব শিক্ষা প্রতিষ্ঠান ছিল অচল। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।